# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬৩৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের ফযীলত

### আরবী

وَرَوَاهُ التِّرْمِذِيّ عَن ابْن عَبَّاس وَابْن عمر تَعْلِيقا

### বাংলা

৬৩৯-[১৬] তিরমিযী ইবনু ’আব্বাস (রাঃ) ও ইবনু ’উমার (রাঃ) হতে মু’আল্লাক্ব হিসেবে এ হাদীস বর্ণনা করেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে ‘আলী  (রাঃ)-এর মতে মধ্যবর্তী সালাত (সালাত/নামায/নামাজ) হিসেবে ফাজরের (ফজরের) সালাতকে বর্ণনা করা হয়েছে। অথচ ‘আলী (রাঃ)-এর থেকে এর বিপরীত তথা ‘আসরের সালাত সম্পর্কে মত পাওয়া যায়।

‘আলী (রাঃ)-এর মতে যে, মধ্যবর্তী সালাত হলো ‘আসরের সালাত। এ মতের পক্ষে দু’টি বর্ণনা মূল গ্রন্থে রয়েছে। তাছাড়া ইবনু ‘আব্বাস (রাঃ)-এর নামেও বর্তমান হাদীসে যে মত প্রকাশিত হয়েছে তারও বিপরীত তার থেকে প্রমাণিত। মোটকথা, এ হাদীসে ‘আলী  (রাঃ) এবং ‘আবদুল্লাহ ইবনু ‘আব্বাস (রাঃ) থেকে যে মত বর্ণিত হয়েছে তা তাদের প্রকৃত মত নয়। বিস্তারিত জানার জন্য মূল গ্রন্থ (মির্‘আত) দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55196

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন